



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০২.২২-২৫৩

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩০
২৭ এপ্রিল ২০২৩

বিষয়: নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশনের ঘোষিত সময়সূচি অনুসারে আগামী ২৫ মে ২০২৩ তারিখে গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন, ১২ জুন ২০২৩ তারিখে খুলনা ও বরিশাল সিটি কর্পোরেশন নির্বাচন এবং ২১ জুন ২০২৩ তারিখে রাজশাহী ও সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে (সময়সূচির প্রজ্ঞাপন সংযুক্ত)। উল্লিখিত নির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে (অনুলিপি সংযুক্ত)।

০২। উল্লিখিত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ যথা- সিটি কর্পোরেশন, পৌরসভা ও জেলা পরিষদ স্ব স্ব এলাকায় আইনশৃঙ্খলা রক্ষার্থে আইন প্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে বলে নির্বাচন কমিশন আশা করে। এ লক্ষ্যে উল্লিখিত নির্বাচনে সরকারি সাহায্য সহযোগিতার পাশাপাশি স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নিকট হতেও আইনশৃঙ্খলা রক্ষার্থে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানের প্রতি নির্বাচন সংশ্লিষ্ট কতিপয় গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করা প্রয়োজন। তাছাড়া, নির্বাচনি আইন ও বিধিমালা পরিপালনেও উল্লিখিত স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সহায়তা আবশ্যিক।

০৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে রিটার্নিং অফিসার ও আইনশৃঙ্খলা রক্ষার কাজে নিয়োজিত ব্যক্তিগণকে নির্বাচনি আইন ও বিধিমালা পরিপালনে সহায়তার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক



(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ০২-৫৫০০৭৫২৫ (অফিস)

Email: sasemc1@gmail.com

সচিব


স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. সিনিয়র সচিব/ সচিব (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. বিভাগীয় কমিশনার,.....(সংশ্লিষ্ট)
৮. উপমহাপুলিশ পরিদর্শক,.....(সংশ্লিষ্ট) রেঞ্জ
৯. পুলিশ কমিশনার,(সংশ্লিষ্ট) মেট্রোপলিটন পুলিশ কমিশনার
১০. প্রকল্প পরিচালক, আইডিইএ-২ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. জেলা প্রশাসক,.....(সংশ্লিষ্ট)
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সংশ্লিষ্ট) অঞ্চল ও রিটার্নিং অফিসার, নির্বাচন
১৮. পুলিশ সুপার,.....(সংশ্লিষ্ট)
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার / জেলা নির্বাচন অফিসার, (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২১. উপজেলা নির্বাহী অফিসার,..... (সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সংশ্লিষ্ট)
২৩. জেলা তথ্য অফিসার, (সংশ্লিষ্ট)
২৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. উপজেলা নির্বাচন অফিসার,.....(সংশ্লিষ্ট)
২৮. অফিসার-ইন-চার্জ,(সংশ্লিষ্ট) থানা।


(মোহাম্মদ মোরশেদ আলম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন:০২-৫৫০০৭৬১০
E-mail: sas_emc1@gmail.com